# ৪৬তম বিসিএস লিখিত ফুল কোর্স

# ENGLISH

Lecture: 08 + 09

**Topic:**

- ✓ **Translation 2:** An Ideal Translation, Your Vocabulary Repertoire-02 (F-K).
- ✓ **Translation 3:** Hands on Experience, Your Vocabulary Repertoire-03 (L-S).




উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# RULES OF TRANSLATION

## ❑ Bangla to English

English Grammar এর সবগুলো Topic-ই Translation বা অনুবাদের জন্য সমানভাবে গুরুত্বপূর্ণ নয়। অনুবাদ আয়ত্তে আনার জন্য Grammar এর কতিপয় বিষয়গুলোর উপর দক্ষতা অর্জন করা একান্ত আবশ্যক। সেগুলো হলো– Parts of Speech (Noun, Pronoun, Adjective, Verb, Adverb, Preposition), Comparison of Degree, Tense, Voice, Sentence & Right forms of Verbs.

বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করার কিছু নিয়ম নিম্নে ধারাবাহিকভাবে তুলে ধরা হলো:

✓ বাংলায় Subject বিহীন কিছু ক্রিয়ার শেষে 'আ' থাকলে ইংরেজিতে অনুবাদ করার সময় বাক্যটি নিম্নলিখিত Structure অনুযায়ী করতে হবে।

**Structure:** It + be verb (am/is/are/was/were) + adjective + to + মূল verb + extension. যেমন –

| | |
|---|---|
| ইংরেজি শেখা কঠিন নয়। (এখানে ক্রিয়া শেখা = শেখ + আ) এবং এ বাক্যটিতে কোনো ব্যক্তিবাচক Subject নেই। | It is not difficult to learn English. |
| ভালো চাকুরি পাওয়া বাংলাদেশে কঠিন হয়ে পড়েছে। | It has become a difficult matter to get a good job in Bangladesh. |

# RULES OF TRANSLATION

✓ বাংলা বাক্যে 'আমি/ আমরা/ তুমি/ তোমরা/ সে/ তারা ইত্যাদি এর পরে 'ই' থাকলে সে বাক্যটি নিম্নলিখিত Structure অনুযায়ী ইংরেজিতে অনুবাদ করতে হবে।

**Structure:** It + be verb (am/is/are/was/were) + উপরোক্ত শব্দগুচ্ছ (আমি/ আমরা/ তুমি/ তোমরা/ সে/ তারা) + who + মূল verb + extension হবে। যেমন –

| | |
|---|---|
| সে-ই গ্লাসটি ভেঙ্গেছে। | It is he/she who has broken the glass. |
| তারাই গ্লাসটি ভেঙ্গেছে। | It is they who have broken the glass. |

✓ 'কোনো কিছু করে লাভ নেই' - এরূপ বোঝাতে নিম্নলিখিত Structure অনুসরণ করে ইংরেজি অনুবাদ করতে হবে।

**Structure:** It + is + no good + verb এর -ing যুক্ত form + extension হয়। যেমন –

| | |
|---|---|
| বাসের জন্য অপেক্ষা করে লাভ নেই। | It is no good waiting for the bus. |

# RULES OF TRANSLATION

✓ WH-Word যেমন – Who, Whom, Whose, Which, What - ইত্যাদি যখন প্রশ্নবোধক বাক্যে বসে তখন ‘কে/কাকে/কারা অথবা কার জন্যে/কোনোটি/কি’ অর্থ প্রদান করে। আর যদি এরা প্রশ্নবোধক না বোঝায় তাহলে ‘যে/যাকে/যারা বা যার জন্যে যেটি/যা’ এরকম অর্থ প্রদান করে। যেমন –

| | |
|---|---|
| আপনি কে? | Who are you? (এখানে Who = কে?) |
| আমি লোকটিকে চিনি যিনি এখানে এসেছিলেন। | I know the man who came here. (এখানে Who = যিনি) |

✓ ‘যে + ক্রিয়াপদ + সে + ক্রিয়াপদ + (বাকি অংশ)’ - থাকলে সে বাক্যটি নিম্নলিখিত Structure-এ ইংরেজিতে অনুবাদ করতে হবে।

**Structure:** He/She/One + who + verb + মূল verb + extension. যেমন –

| | |
|---|---|
| যে পরিশ্রম করে সে সফল হয়। | He/ One who works becomes successful. |
| যে কঠোর পরিশ্রম করে সে সফল হয়। | He/One who works hard becomes successful. |
| যে তার দেশকে ভালোবাসে না সে কখনও ভালো মানুষ হতে পারে না। | He/One who doesn’t love his country can never be a good man. |

A person can never be a good man without loving his country.

Embedded Question

তার নাম কী আমি জানি না।

I do not know what his name is.

তার নাম কী?

What is his name?

সে কেমন আছে আমি জানতে চাই।

I want to know how he/she is.

# RULES OF TRANSLATION

✓ 'তোমরা যারা + ক্রিয়াপদ + তারা + ক্রিয়াপদ + বাকি অংশ' – থাকলে সে বাক্যটি নিম্নলিখিত Structure-এ ইংরেজিতে অনুবাদ করতে হবে।

**Structure:** You + who + verb + extension + মূল verb + extension.

| | |
|---|---|
| তোমরা যারা কঠোর পরিশ্রম কর তারা সফল। | You who work hard are successful. |

(1) Those of you who work hard are successful.

(2) Among you who are hard working are successful.

✓ 'যে + ব্যক্তিবাচক Noun + টি/ গুলো + কে + Noun/ Pronoun + ক্রিয়াপদ + সে/ তারা + বাকি অংশ' – থাকলে সে বাক্যটিকে নিম্নলিখিত Structure অনুযায়ী বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করতে হবে।

**Structure:** The + ব্যক্তিবাচক noun + (whom) + noun/ pronoun + verb + extension + verb + extension. যেমন –

| | |
|---|---|
| যে ছাত্রদেরকে আমি এই শীটটি দিয়েছি তারা সরকারি চাকুরি করতে চায়। | The students (whom) I have given this sheet want to engage themselves in public duties/services. |

I have provided this sheet to the students who are govt. job seekers.

# RULES OF TRANSLATION

- ✓ 'Noun/Pronoun + যেটাই/যা হোকনা কেন + Noun/Pronoun + ক্রিয়াপদ + অতিরিক্ত অংশ'-এইভাবে কোনো বাক্যে থাকলে সে বাক্যটি নিম্নলিখিত Structure এ করতে হবে।

  **Structure:** Whatever + (the) + noun + verb + ___, + noun/ pronoun + verb + extension.

  যেমন –

| | |
|---|---|
| দেশ যেটাই হোকনা কেন বিনোদনের একটি উৎস হচ্ছে টিভি দেখা। | Whatever the country is, one source of entertainment is watching TV. |
| সে যেই সিদ্ধান্ত গ্রহণ করুক না কেন আমি তা সমর্থন করব। | Whatever decision he makes, I will support it. |
| সুমনা যে পোশাকই পরিধান করুক না কেন তাকে সব সময় স্মার্ট ও সুন্দর দেখায়। কিন্তু তাকে লাল পোশাকে বেশি সুন্দর দেখায়। | Whatever dress Sumona wears, she looks smart and beautiful. But she looks more beautiful in red. However, |

তুমি যেটাই কর না কেন, কোন লাভ নাই,

(1) Everything you do is futile.

(2) Whatever you do is of no use.

তুমি যেমন কাজ কর তেমন ফল পাবে / যত তাড়াতাড়ি...

As you sow, so shall you reap.

Inversion

Hardly had we reached the station,

Inverted structure:

Adv + Aux + Subj + PV.

# RULES OF TRANSLATION

✓ 'Noun + যতই + Adjective + হোক না কেন, ___ + Noun/Pronoun + ক্রিয়াপদ + অতিরিক্ত অংশ'-থাকলে সে বাক্যটি নিম্নলিখিত Structure-এ ইংরেজিতে অনুবাদ করতে হবে।

**Structure:** However + Adjective + noun + verb + , + subject + verb + extension. যেমন –

| | |
|---|---|
| ইংরেজি ভাষা যতই কঠিন হোক না কেন, আমরা এ ভাষা শেখা থেকে পিছপা হবো না। | However difficult English language would be, we would never be reluctant to learn the it. |

✓ 'কোনো স্থানে/কোনো কিছুতে বিশেষ কোনো কিছু আছে/ছিল/থাকবে – এই রূপ অর্থপ্রকাশকারী বাক্যগুলোকে ইংরেজিতে অনুবাদ করার সময় 'There + be verb + স্থান বাচক Word' এইভাবে অনুবাদ করা হয়। এখানে খেয়াল রাখতে হবে যে বাক্যে উল্লিখিত স্থানের নামের শেষে '–এ' থাকবে। যেমন –

| | |
|---|---|
| আমাদের দেশে অনেক সমস্যা আছে। (আমাদের দেশে -- আছে) | There are many problems in our country. |
| বিশ্ববিদ্যালয়ে একটি লাইব্রেরি আছে। (বিশ্ববিদ্যালয়ে -- আছে) | There is a library in the University. |

# RULES OF TRANSLATION

✓ কোনো বাংলা বাক্যে 'যতই............ততই' এরূপ থাকলে নিম্নলিখিত গঠনপ্রণালিতে ইংরেজিতে অনুবাদ করতে হয়।
**Structure:** As + subject + verb + ___ ,+ subject + verb + extension. যেমন –

| | |
|---|---|
| আমি যতই তাকে ভুলে যেতে চেষ্টা করলাম, ততই তার ছবি আমার সামনে ভেসে উঠলো। | As I tried to forget her, her image was floating in front of me. |
| সময় যতই অতিবাহিত হতে থাকে, ততই সে একটা ভালো চাকুরি পাওয়ার জন্য মরিয়া হয়ে উঠছে। | As time passes, he becomes moribund to get a good job. (এ বাক্যগুলো The + Comparative ব্যবহার করেও করা যায়) The more time passes, the more he becomes moribund to get a good job. |

✓ কোনো বাংলা বাক্যে 'যেমন............তেমন' থাকলে নিম্নলিখিত গঠনপ্রণালিতে ইংরেজিতে অনুবাদ করতে হয়।
**Structure:** As + subject + verb + so + auxiliary verb + subject + verb + extension. যেমন –

| | |
|---|---|
| সরকার যেমন ভাবে শিক্ষাখাতে অর্থ বরাদ্দ করে, তেমনই এর থেকে প্রতিদান পেতে চায়। | As the government allocates money in education sector, so does it want returns from the same. |
| মানুষ যেমন চায় তেমনই পায়। | As man wants, so does he get. |

# RULES OF TRANSLATION

✓ কোনো বাক্যের মধ্যে যদি 'যেমনটা + ক্রিয়াপদ + Subject + ক্রিয়াপদ + (বাকি অংশ)' - থাকে সেই বাক্যটি নিম্নলিখিত Structure অনুযায়ী ইংরেজিতে অনুবাদ করতে হবে।

**Structure:** As + verb + extension +, + subject + verb + extension. যেমন –

| | |
|---|---|
| যেমনটা আগে বলা হয়েছে, ঘটনাটি আমার চোখের সামনে ঘটেছে। | As has been said earlier, the incident has taken place before my eyes. |

✓ যতদূর পর্যন্ত + Subject + জানা/ বোঝা/ উপলব্ধি করা/অনুমান করা ইত্যাদি + Subject + Verb + বাকি অংশ - থাকলে সে বাক্যটি নিম্নলিখিত Structure এর উপর ভিত্তি করে ইংরেজিতে অনুবাদ করতে হয়।

**Structure:** As/So far as + subject + verb + ___, + subject + verb + extension. যেমন –

| | |
|---|---|
| যতদূর পর্যন্ত আমরা অনুমান করতে পারি, সে একজন ভালো মানুষ। | So far as we can guess, he is a good man. |

So far I can recall, he was a good man.

# RULES OF TRANSLATION

✓ প্রশ্নে উল্লিখিত কোনো বাংলা বাক্যে যদি 'যতবার ...........ততবার' থাকে তাহলে তার ইংরেজি অনুবাদ হবে 'as many times as' হবে। যেমন –

| | |
|---|---|
| তুমি যতবার চাও ততবার কাজটি করতে পার। | You can do the work as many times as you want. |

✓ যতদিন.............ততদিন /যতক্ষণ.............ততক্ষণ পর্যন্ত থাকলে নিম্নলিখিত গঠনপ্রণালিতে ইংরেজিতে অনুবাদ করতে হয়।

**Structure:** Principal Clause এর Subject + Verb + Obeject + as long as/ so long as + Subordinate clause এর Subject + Verb + Object + Extension. যেমন –

| | |
|---|---|
| যতদিন না পর্যন্ত তারা এই ডিগ্রি অর্জন করে ততদিন পর্যন্ত তাদের চাকুরি স্থায়ী হবে না। | Their job will not be permanent so long as they do not obtain this degree. |
| যতক্ষণ আমরা আমাদের বিবেক দ্বারা পরিচলিত হই ততক্ষণ পর্যন্ত আমরা কোনো প্রকার খারাপ কাজে জড়িত হই না। | We are not involved in any kind of bad activities as long as we guided by our conscience. |

উৎসর্গ আমরা
মুক্তিযুদ্ধের চেতনা বুকে অন্তরে (1)
লালন না করব, আমরা কখনোই (3)
বঙ্গবন্ধুর আদর্শে ভুলতে পারব না। (2)

(1) Spirit of the liberation war

(2) Ideology of Bangabandhu

(3) ~~the~~ cherish / bear

# RULES OF TRANSLATION

✓ বাংলাতে Subject + ক্রিয়াপদ + মাত্রই বোঝাতে - As soon as + Subject + Verb + Extension– এই নিয়ম অনুসরণ করে ইংরেজিতে অনুবাদ করতে হয়। যেমন –

| | |
|---|---|
| সে আসা মাত্রই আমি তার সাথে দেখা করব। | I will meet him as soon as he comes. |

✓ কোনো বাক্যে অতটা............ততটা/যতটা থাকলে নিম্নলিখিত নিয়মে ইংরেজিতে অনুবাদ করতে হয়। **Structure:** Subject + verb + so + adjective as + subject + verb + extension. যেমন –

| | |
|---|---|
| জ্ঞান অর্জন করা অতটা/ ততটা সহজ নয় যতটা আমরা মনে করি। | Achieving knowledge is not so easy as we reckon. |
| ছেলে হিসাবে সে ততটা চৌকশ নয় যতটা সে অন্যদের কাছে দেখানোর চেষ্টা করে। | As a boy he is not so smart as he tries to show others. |

# RULES OF TRANSLATION

✓ না বোধক বাংলা বাক্যে ক্রিয়াপদের শেষে শুধু 'কি না' থাকলে নিম্নলিখিত গঠনপ্রণালি অনুযায়ী বাংলা বাক্যটিকে ইংরেজিতে অনুবাদ করতে হয়।

**Structure:** Subject + verb (auxiliary) + not + মূল verb (tense অনুসারে) + whether + ২য় subject + ২য় verb + object+ or not. যেমন –

| | |
|---|---|
| আমরা জানি না বাংলাদেশ তার সমস্যাগুলো কাটিয়ে উঠতে পারবে কি না। | We do not know whether Bangladesh will be able to overcome its problems or not. |

এছাড়াও বাংলা প্রশ্নবোধক অনুজ্ঞাসূচক (Imperative) বাক্যেও একই নিয়ম প্রযোজ্য। যেমন –

| | |
|---|---|
| আমাকে বল সে আসবে কিনা। | Tell me whether he will come or not. |

# RULES OF TRANSLATION

✓ বাংলা বাক্যের ক্রিয়াপদের শেষে '–আয়/–আই' প্রত্যয়টি যুক্ত থাকলে বাক্যটিকে ইংরেজিতে অনুবাদ করার সময় উল্লিখিত বাক্যটি Since/As দ্বারা শুরু করতে হবে।

**Structure:** Since/As + subject + verb + adverb/adjective + noun +, + ২য় subject + ২য় verb + object/extension. যেমন –

| | |
|---|---|
| অর্থনৈতিকভাবে বাংলাদেশ পিছিয়ে পড়ায় এ দেশের অধিকাংশ লোক মানবেতর জীবন যাপন করে। | Since Bangladesh has lagged behind economically, most of the people of this country lead a subhuman life. |
| ঝটপট করে সিদ্ধান্তটি নেওয়াই আমাদের নৌকা ভ্রমণের সকল পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হলো। | As the decision was taken promptly, all of our plan to make a journey by boat was resulted in failure. |

এ ধরনের বাক্যগুলোর অনুবাদ করার সময় বাংলা বাক্যের শেষের ক্রিয়াটি যে Tense-এ থাকবে, Since/As দ্বারা যুক্ত অংশটিও ঠিক সে Tense-এ হবে ।

Reason/Cause

Since, As, Because

# RULES OF TRANSLATION

✓ 'কোনো কিছু করার সময় / করতে থাকলে' – এই ধরনের বাংলা বাক্যগুলোকে ইংরেজি করার সময় While/ When/ At the time of + Verb এর –ing যুক্ত form বসে। যেমন –

| | |
|---|---|
| পড়তে পড়তে কথা বলনা। | Do not talk while/ when/ at the time of reading. |
| পড়তে পড়তে অন্যমনস্ক হওয়া তার স্বভাব। | His habit is to become absent minded while reading. |

✓ 'কাউকে কোনো কাজ করতে হয় / হবে' - বোঝালে নিম্নলিখিত Structure টি ব্যবহার করে বাক্যটিকে ইংরেজিতে অনুবাদ করতে হবে। এক্ষেত্রে বাংলা ক্রিয়ার শেষে 'তে হয় / হবে' থাকবে।

**Structure:** Subject + have/has/ be verb + to + verb + extension. যেমন –

| | |
|---|---|
| আমাদেরকে প্রতিদিন অনেক প্রতিকূলতার মুখোমুখি হতে হয়। | We are to face many adversities everyday. |
| জীবনে বড় হতে হলে আমাদেরকে কঠোর পরিশ্রম করতে হবে। | If we want to succeed in life, we have to work hard. |

# RULES OF TRANSLATION

✓ বাংলা বাক্যে বিশেষণ বা Adjective-এর শেষে ‘লাগে’ থাকলে Subject + feel + adjective হয়। যেমন –

| | |
|---|---|
| আমার ভাল লাগছে না। | I do not feel good. |
| তোমার মন খারাপ কেন? / তোমার ভাল লাগছে না/লাগে না কেন? | Why do you feel bad? |

✓ কোনো কিছু হওয়ার সম্ভাবনা আছে/ছিল বোঝালে নিম্নলিখিত Structure টি ব্যবহার করতে হবে।
**Structure:** Subject + be verb (am/is/ are/ was/ were) + likely + to + verb + extension. যেমন-

| | |
|---|---|
| বাংলাদেশের আজকের খেলায় জিতার সম্ভাবনা আছে। | Bangladesh is likely to win today's match. |
| মেঘাচ্ছন্ন আকাশ দেখে সে মনে করল যে সেদিন বৃষ্টি হওয়ার সম্ভবনা ছিল। | After observing cloudy sky, he thought that it was likely to rain. |

# RULES OF TRANSLATION

✓ কোনো ক্রিয়ার শেষে ইচ্ছা প্রকাশক শব্দ যেমন - হও/হোক থাকলে May + Subject + Verb + Adjective/Adverb হয়। এক্ষেত্রে Adjective + হও/হোক থাকবে। যেমন –

| | |
|---|---|
| তুমি সুখি হও। | May you be happy. |
| তারা আমাদের কাছে নিরাপদে ফিরে আসুক। | May they return to us safely. |
| আপনার সামনের দিনগুলো আরও সুন্দর হোক। | May your days ahead be more beautiful. |

✓ কোনো কিছু করতে না করতে/হতে না হতে ইত্যাদি - বাক্যে থাকলে নিম্নলিখিত Structure টি ব্যবহার করে ইংরেজিতে অনুবাদ করতে হয়।

**Structure:** No sooner had + subject + verb এর past participle form + object + than + subject + verb এর past form + extension. যেমন –

| | |
|---|---|
| সরকার পদক্ষেপটি গ্রহণ করতে না করতে একটি স্বার্থান্বেষী মহল তাতে আপত্তি জানালো। | No sooner had the government taken the step than a vested quarter objected to it. |

এসব ক্ষেত্রে নিম্নলিখিত Structure-টিও ব্যবহার করা যেতে পারে

**Structure:** Scarcely had + subject + verb এর past participle form + object + when + subject + verb এর past form + extension.

| | |
|---|---|
| সরকার পদক্ষেপ নিতে না নিতেই একটি স্বার্থান্বেষী মহল আপত্তি জানালেন। | Scarcely had the government taken the step when a vested quarter objected to it. |

# RULES OF TRANSLATION

✓ বাংলা বাক্যটিতে কোনো বিশেষণ এর দুইবার উল্লেখ থাকলে ইংরেজি করার সময় তার পরের noun টির plural form ব্যবহার করতে হয়। কারণ adjective এর সাথে s/ es যোগ করা যায় না। যেমন –

| | |
|---|---|
| ছোট ছোট ফুল ফুটেছে। | Small flowers have bloomed. |
| গাছটিতে ছোট ছোট ফুল ফুটেছে। | The tree is in small flowers. |

গাছে ফুল/ফল ধরা বোঝাতে tree + be verb + in + flowers / fruits বসে।

✓ বাংলা কোনো বাক্যে Subject উল্লেখ না থাকলে ইংরেজি করার সময় Subject ধরে নিয়ে তার Translation করতে হয়। যেমন –

| | |
|---|---|
| বাড়ি গিয়েছিলাম। | I went home. / We went home. |

যদি বাক্যের Translation – Went home এভাবে করা হয় তবে ভুল হবে। বাড়ি গিয়েছিলাম এখানে ছিলাম– শব্দটি দেখে বোঝতে হবে যে এখানে আমি বা আমরা হবে। যেমন –

| | |
|---|---|
| কাজটি করব। | We shall do the work. |

# RULES OF TRANSLATION

✓ বাংলা কোনো বাক্যের মধ্যে 'আর না / নয়' থাকলে ইংরেজি করার নিয়ম:
এসব ক্ষেত্রে verb এর পরে no longer + noun বসবে।

| | |
|---|---|
| বাংলাদেশ আর নিম্ন আয়ের দেশ নয়। | Bangladesh is no longer a low-income country. |

কিছু কিছু ক্ষেত্রে anymore ও ব্যবহার করা যেতে পারে। সেক্ষেত্রে verb + not + noun + anymore হবে।
Bangladesh is not a low-income country anymore.

✓ কোনো বাংলা বাক্যে কারো কোনো কিছু করা (বরং + ভালো) ভালো হবে – এইরূপ বোঝালে নিম্নোক্ত structure ব্যবহার করে ইংরেজিতে অনুবাদ করতে হবে।

**Structure:** Subject + had better / would rather + মূল verb + extension. যেমন –

| | |
|---|---|
| তোমার বরং কাজটি করা ভালো হবে। | You had better / would rather do the work. |
| সমাজের সর্বস্তরের লোকদের বৃহত্তর স্বার্থে কর্তৃপক্ষের এই সিদ্ধান্তে অটল থাকাই বরং ভালো হবে। | The authority had better / would rather stick to this decision for the greater interest of the people of all walks of life in the society. |

**বিশেষ দ্রষ্টব্য:** had better / would rather + verb এর base form; past tense এর structure এ ব্যবহৃত হলেও এরা ভবিষ্যতের অর্থ প্রদান করে। এ ধরনের বাক্যকে না-বোধক করতে হলে subject + had better / would rather + not + verb এর base form বসে। যেমন–

| | |
|---|---|
| আকাশ মেঘে ঢাকা তাই তোমার এখন বরং বাইরে না যাওয়াই ভালো / ভালো হবে। | The sky is overcast with clouds, so you had better/would rather not go outside. |

# RULES OF TRANSLATION

- ✓ American English-এ আমার একটি বই আছে- এর ইংরেজি অনুবাদ হবে - I have a book. কিন্তু British English এ আছে/ছিল এর গঠনপ্রণালি হবে এরূপ - (have/had) + got + বাকি অংশ। I have got a book. এখানে got এর কোনো ভিন্ন অর্থ নেই।
- ✓ Know (জানি, জানো, জানে, জানেন) দিয়ে ইংরেজি বাক্য তৈরি করার সময় নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হয়।

**Structure:** Subject + Know + How to + Verb এর Present from + Extension. যেমন –

| | |
|---|---|
| আমি সাঁতার কাটতে জানি। | I know how to swim. |
| সে গাড়ি চালাতে জানে। | He knows how to drive a car. |
| ছাত্ররা কম্পিউটার চালাতে জানে। | The students know how to operate computers / a computer. |

Negative করার সময় Subject-এর পরে Do not/Does not বসাতে হবে।

**যেমন:**

| | |
|---|---|
| সে নৌকা চালাতে জানে না। | He does not know how to row/ride a boat. |

# RULES OF TRANSLATION

✓ As soon as (যেইমাত্র) দিয়ে ইংরেজি বাক্য তৈরি করার সময় নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হয়।
**Structure:** As soon as + বাক্যাংশের subject + verb-এর past form + বাকি অংশ + __, __+ দ্বিতীয় বাক্যাংশের subject + দ্বিতীয় অংশের verb-এর past form + বাকি অংশ। যেমন–

| | |
|---|---|
| সংবাদটি শোনামাত্র সে মূর্ছা গেল। | As soon as he heard the news, he fainted. |
| প্রশ্নটি পাওয়া মাত্র বালিকাটি ঘাবড়ে গেল। | As soon as the girl got the question, she became nervous. |

বি.দ্র. As soon as (যেইমাত্র) যুক্ত বাক্যে দুটি কাজই যদি অতীত কালে সংঘটিত হয়ে থাকে তাহলে দুটি অংশই Past Indefinite Tense হয়।

# TRANSLATION

## ❑ কিছু গুরুত্বপূর্ণ অনুবাদ (Bangla to English)

➢ বাংলাদেশের বাস্তবতা থেকে দেখা যায়, মানুষ কয়েক বছর ধরে বা সারা জীবন টাকা জমিয়ে শেষ বয়সে হজ্জ করতে যান। অনেক সময় সন্তানরা মা-বাবাকে হজ্জ করতে পাঠান বা নিজেরাও সঙ্গে যান। এ কারণে বাংলাদেশ থেকে হজ্জ করতে যাওয়া প্রবীণ মানুষের সংখ্যা বেশি। পৃথিবীর অন্যান্য দেশ থেকে তরুণরাও হজ্জ করতে যান, কিন্তু বাংলাদেশ থেকে তুলনামূলকভাবে এমন হজ্জযাত্রীর সংখ্যা কম এবং মূলত প্রবীণরাই হজ্জ করতে যান। টাকা জমিয়ে যারা হজ্জ পালন করেন, তাদের একটা বড় অংশ এবার যেতে পারছেন না। এ বছর ১ লাখ ২৭ হাজার বাংলাদেশি হজ্জ করার সুযোগ পাবেন। কিন্তু ৩ বার সময় বৃদ্ধি করেও কোটা পূরণ হচ্ছে না। ১৩ মার্চ পর্যন্ত নিবন্ধন করেছেন ৮৬ হাজার ১২৮ জন আগ্রহী হজ্জযাত্রী। গত বছর সরকারি ব্যবস্থাপনায় সর্বনিম্ন হজ্জ প্যাকেজ ছিল ৪ লাখ ৬২ হাজার টাকা। কোটার তুলনায় হজ্জে যাওয়ার জন্য আগ্রহী মানুষের সংখ্যা অনেক বেশি।

# TRANSLATION

➢ **প্রথম বাক্যের অনুবাদ**

বাংলাদেশের বাস্তবতা থেকে দেখা যায়, মানুষ কয়েক বছর ধরে বা সারা জীবন টাকা জমিয়ে শেষ বয়সে হজ্জ করতে যান।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

It can be seen from the reality of Bangladesh, people save money for several years or whole life and go for Hajj at their last age.

# TRANSLATION

➢ **দ্বিতীয় বাক্যের অনুবাদ**

অনেক সময় সন্তানরা মা-বাবাকে হজ্জ করতে পাঠান বা নিজেরাও সঙ্গে যান।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

Many times children send their parents to perform Hajj or go with them.

# TRANSLATION

➢ **তৃতীয় বাক্যের অনুবাদ**

এ কারণে বাংলাদেশ থেকে হজ্জ করতে যাওয়া প্রবীণ মানুষের সংখ্যা বেশি।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

Due to this reason, the number of aged people going to Hajj from Bangladesh is high.

for

going to Hajj are mostly aged.

# TRANSLATION

## ➢ চতুর্থ বাক্যের অনুবাদ

পৃথিবীর অন্যান্য দেশ থেকে তরুণরাও হজ্জ করতে যান, কিন্তু বাংলাদেশ থেকে তুলনামূলকভাবে এমন হজ্জযাত্রীর সংখ্যা কম এবং মূলত প্রবীণরাই হজ্জ করতে যান।

elderly persons

Passion –

Passionate –

## ✓ সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ

Young people from other countries of the world also go for Hajj, but the number of such pilgrims from Bangladesh is relatively less and mainly the elders also go for Hajj.

# TRANSLATION

➢ **পঞ্চম বাক্যের অনুবাদ**

টাকা জমিয়ে যারা হজ্জ পালন করেন, তাদের একটা বড় অংশ এবার যেতে পারছেন না।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

A large part of those who save money to perform Hajj can't go now.

# TRANSLATION

➢ **ষষ্ঠ বাক্যের অনুবাদ**

এ বছর ১ লাখ ২৭ হাজার বাংলাদেশি হজ্জ করার সুযোগ পাবেন।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

This year 1 lakh 27 thousand Bangladeshis will have the opportunity to perform Hajj.

# TRANSLATION

➢ **সপ্তম বাক্যের অনুবাদ**

কিন্তু ৩ বার সময় বৃদ্ধি করেও কোটা পূরণ হচ্ছে না।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

But even after increasing the time 3 times the quota is not being fulfilled.

# TRANSLATION

➢ **অষ্টম বাক্যের অনুবাদ**

১৩ মার্চ পর্যন্ত নিবন্ধন করেছেন ৮৬ হাজার ১২৮ জন আগ্রহী হজ্জযাত্রী।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

Till March 13, 86 thousand and 128 interested pilgrims have registered.

# TRANSLATION

## ➢ নবম বাক্যের অনুবাদ

গত বছর সরকারি ব্যবস্থাপনায় সর্বনিম্ন হজ্জ প্যাকেজ ছিল ৪ লাখ ৬২ হাজার টাকা।

### ✓ সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ

Last year the minimum Hajj package under governmental management was Tk 4 lakh 62 thousand.

# TRANSLATION

➢ **দশম বাক্যের অনুবাদ**

কোটার তুলনায় হজ্জে যাওয়ার জন্য আগ্রহী মানুষের সংখ্যা অনেক বেশি।

✓ **সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ**

The number of people interested in going for Hajj is much higher than the quota.

# TRANSLATION

H.W

- ভূমিহীন ও গৃহহীন মানুষকে নির্দিষ্ট ঠিকানা করে দিতে সচেষ্ট সরকার। এ জন্য গোটা দেশে আশ্রয়ণ প্রকল্পের অধীন করা হচ্ছে ঘর। অসংখ্য পরিবারকে সেই ঘর উপহার দেওয়া হয়। তবে আশ্রয়ণ প্রকল্প নিয়ে শুরু থেকেই ছিল নানা অনিয়মের অভিযোগ। বেশ কয়েকজন অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকার শাস্তিমূলক ব্যবস্থাও নিয়েছে। এরপরও এ প্রকল্প নিয়ে সমালোচনা পিছু ছাড়ছে না। যেমন বিচ্ছিন্ন জায়গায় কোনো সুযোগ-সুবিধা ছাড়া ঘর করে দেওয়া হয়েছে, কিন্তু সেখানে মানুষের স্বাভাবিক বসবাসের কোনো সুযোগ-সুবিধা রাখা হয়নি।দিন শেষে আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলো পড়ে থাকে। শরীয়তপুরের নড়িয়া উপজেলার নওপাড়া ইউনিয়নে এ রকম ৫১০টি ঘরই পড়ে আছে। সেগুলো এখন অপরাধী ও মাদকসেবীদের নিরাপদ আস্তানায় পরিণত হয়েছে।

# TRANSLATION

H.W.

➤ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সারা জীবন সংগ্রাম করেছেন একটি সুখী-সমৃদ্ধ, গণতান্ত্রিক, ন্যায়ভিত্তিক বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে। দেশের মানুষের রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তিই ছিল তাঁর ধ্যানজ্ঞান ও সাধনা। বঞ্চিত মানুষের অধিকার আদায়ের সংগ্রামে তাঁর অসীম সাহসী নেতৃত্বে ১৯৭১ সালে যে স্বাধীনতাযুদ্ধ শুরু হয়, তার প্রধান প্রেরণাও ছিলেন তিনি। স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশকে যখন বঙ্গবন্ধু নতুন করে গড়ে তোলার কাজে ব্রতী হন, তখনই দেশি-বিদেশি চক্রান্তকারীরা ষড়যন্ত্র শুরু করে। এই ষড়যন্ত্র কেবল ব্যক্তি মুজিবের বিরুদ্ধে ছিল না, ছিল বাংলাদেশ রাষ্ট্র ও তাঁর আদর্শের বিরুদ্ধে। দুঃখজনকভাবে ষড়যন্ত্রকারীরা দুই ক্ষেত্রেই সফল হয়েছে।আজ জাতীয় শোক দিবসে স্বাধীন বাংলাদেশের স্থপতি এই মহান নেতাকে আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। আমরা মনে করি, তাঁকে শ্রদ্ধা জানানোর শ্রেষ্ঠ উপায় হচ্ছে, যে সুখী, সমৃদ্ধ, গণতান্ত্রিক ও শোষণমুক্ত বাংলাদেশের স্বপ্ন তিনি দেখেছিলেন, তার বাস্তব রূপ দেওয়া। এমন একটি দেশ গড়ে তোলা, যেখানে স্বাধীনতার মূল চেতনা বাস্তবায়িত হবে এবং ধর্মগোত্র নির্বিশেষে সব মানুষ সম-অধিকার ভোগ করবে। গণতন্ত্র, সামাজিক ন্যায় এবং আইনের শাসন প্রতিষ্ঠার মধ্য দিয়েই সেই কাজটি করা সম্ভব।

# BCS PREVIOUS YEARS' QUESTIONS

❖ চিত্তবিনোদন মানুষের সর্বকালীন চাহিদা যার প্রকার ও প্রকৃতি পরিবর্তনশীল। সভ্যতার ক্রমবিবর্তনে ও বিজ্ঞানের কল্যাণে এর বিস্তার ঘটেছে বিভিন্ন দেশে, বিভিন্নভাবে। আমাদের বাংলাদেশের মানুষ এখন ঘরে বসে বিভিন্ন দেশের আচার-আচরণ পর্যবেক্ষণ করতে এবং নৃত্যগীত ও নানাধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করতে পারছে। সুদূর অতীতে এমনটা ছিল না-একথা বলাই বাহুল্য। বিভিন্ন ধরনের শারীরিক কসরৎ দর্শন ও প্রদর্শনই ছিল বিনোদনের একটা বড় উপায়। এদের মধ্যে নৌকা বাইচ ছিল অন্যতম যা এখনও আছে।

মাঠঘাট, নদীনালা যখন পানিতে ভরপুর থাকে তখনই অনুষ্ঠিত হয় নৌকা বাইচ। এই বাইচ সাধারণতঃ উদ্যোক্তাদের নির্দিষ্ট করে দেয়া দেড় বা দুই মাইলের মধ্যে অনুষ্ঠিত হয়ে থাকে। বাইচের নৌকা চল্লিশ থেকে ষাট হাত লম্বা এবং পাঁচ ছয় হাত চওড়া হয়। প্রতিটি নৌকায় বিশ-পঁচিশজন করে লোক থাকে যারা গানের সুরে দেশীয় বাদ্যযন্ত্র বাজিয়ে একদিকে দর্শকদের আনন্দ দেয়, আবার অন্যদিকে নৌকার মাঝিমাল্লাদের উৎসাহিত করে, দুই তীরের উৎফুল্ল দর্শক হাততালি দিয়ে আনন্দ প্রকাশ করে। যে নৌকাটি সবার আগে একটা নিশানা দ্বারা নির্দেশ করা সীমানা অতিক্রম করে সে নৌকাই বিজয়ী ঘোষিত হয়। বর্তমানে নৌকা বাইচ কমে গেলেও এদেশের ঐতিহ্যের ধারক ও বাহক হিসাবে এর গুরুত্ব এখনও অস্বীকার করা যায় না। [45th BCS]

❖ বাংলা ও বাঙালি সংস্কৃতির উৎসে যদি আমরা যাই তাহলে দেখবো, বাংলা ভাষা প্রায় হাজার বছরের প্রাচীন। কিন্তু, জাতিসত্তা হিসেবে বাঙালির বয়স কয়েক হাজার বছর। এখানে বিভিন্ন জাতি-উপজাতি আগমনের ফলে, নানা বর্ণ ও জাতির মিশ্রণে বাঙালি একটি মিশ্র জাতিসত্তা হিসেবে বিকশিত হয়েছে। ককেশীয়, ভোটচিন, অস্ট্রিক, নিগ্রোয়েড ইত্যাদি বিভিন্ন জাতিগোষ্ঠীর মিশ্রণেই বাঙালি জাতিসত্তা গড়ে উঠেছে এই ভূখণ্ডে। উভয় বঙ্গের বিভিন্ন অঞ্চলে প্রাগৈতিহাসিক যুগ থেকেই মানব বসতির প্রমাণ ও উপকরণ আবিষ্কৃত হয়েছে। এসবের বিশদ আলোচনায় না গিয়েও বলা চলে যে যখন ইতিহাসের যবনিকা উন্মোচিত হলো সে সময়ও বিভিন্ন উপজাতি গোষ্ঠীর নামানুসারে বাংলায় বেশ কিছু জনপদের পরিচয় আমরা প্রাচীন আর্য গ্রন্থসমূহ, যেমন রামায়ণ, মহাভারত ও অন্যান্য আদিগ্রন্থ যেমন কৌটিল্যের অর্থশাস্ত্রে পাচ্ছি। পুণ্ড্র, বঙ্গ, কলিঙ্গ, গৌড়, হরিকেল ইত্যাদি নাম যেমন জনপদের, তেমনি বিভিন্ন কৌম বা উপজাতির। আজ এসব কৌমের আলাদা পরিচয় আর নেই। এরা সবাই এক হয়ে মিশে গিয়ে বাঙালি নাম নিয়েছে, বাঙালি হিসেবে পরিচিত হচ্ছে। বাংলা এদের সবার মুখের ভাষা।

[44th BCS]

# BCS PREVIOUS YEARS' QUESTIONS

❖ মনোরম প্রাকৃতিক সৌন্দর্যমণ্ডিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। সবুজ বনভূমির মাঝে দৃষ্টি নন্দন হ্রদ আর লাল ইটের তৈরি ইমারত ক্যাম্পাসকে আরও নান্দনিক করে তুলেছে। পাশাপাশি এ- ক্যাম্পাস 'সংস্কৃতির রাজধানী'নামেও পরিচিত। এ ছাড়া প্রতিবছর শীতকাল এলেই বিশ্ববিদ্যালয়ের জলাশয়গুলো অতিথি পাখিতে পূর্ণ হয়ে যায়। তাই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে অতিথি পাখির ক্যাম্পাস হিসেবেও অনেকে চেনেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গৌরবময় ইতিহাসকে ভিত্তি করে নির্মিত কয়েকটি ভাস্কর্য এ-বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্য বহুগুণ বাড়িয়ে দিয়েছে। সবুজের মাঝে কংক্রিট বা ব্রোঞ্জে তৈরি ভাস্কর্যগুলো দাঁড়িয়ে আছে মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও ভাষা আন্দোলনের প্রতিচ্ছবি হয়ে। এসব ভাস্কর্য এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস পৌঁছে দিচ্ছে। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস, ঐতিহ্য ও চেতনাকে স্মরণ রাখতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নির্মাণ করা হয় ভাস্কর্য 'সংশপ্তক'। যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যু–এই শপথে আবদ্ধ থেকে লড়াই করেন যে অকুতোভয় বীর, তিনিই 'সংশপ্তক'। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে স্থাপিত এই ভাস্কর্যটির মাধ্যমে ফুটিয়ে তোলা হয়েছে যুদ্ধে শত্রুর আঘাতে এক হাত, এক পা হারিয়েও রাইফেল হাতে লড়ে যাওয়া দেশমাতৃকার এক বীরসন্তানকে। ভাস্কর্যটির নির্মাতা শিল্পী হামিদুজ্জামান খান মুক্তিযুদ্ধের চেতনাকে ব্রোঞ্জের অবয়বে প্রতীকী ব্যঞ্জনায় প্রকাশ করার চেষ্টা করেছেন। আজকের প্রজন্মের কাছে ভাস্কর্যটি যে-কোনো আন্দোলন-সংগ্রামের অনিঃশেষ প্রেরণা হিসেবে কাজ করে। [43rd BCS]

Wadan by Bronze

# BCS PREVIOUS YEARS' QUESTIONS

❖ যুদ্ধ, নিপীড়ন, সহিংসতা ও মানবাধিকার লঙ্ঘন থেকে বাঁচতে আজ সারা বিশ্বে ৮ কোটি ২০ লাখের বেশি মানুষ বাস্তুচ্যুত। বাস্তুচ্যুত মানুষের এ সংখ্যা বাংলাদেশের জনসংখ্যার প্রায় অর্ধেক। সারা বিশ্বে বাস্তুচ্যুতির প্রধান পাঁচটি উৎসদেশের একটি হচ্ছে মায়ানমার। সেখান থেকে ২০১৭ সালে প্রায় ১০ লাখ রোহিঙ্গা জনগোষ্ঠী জোরপূর্বক বাস্তুচ্যুতির শিকার হয়ে বাংলাদেশে এসে আশ্রয় নিয়েছে। উদার মানবিকতার দৃষ্টান্ত হিসেবে বাংলাদেশ তখন এসব রোহিঙ্গা শরণার্থীকে কক্সবাজারে আশ্রয় দেয়। এই শরণার্থীরা তাদের নিজ দেশে ফিরে যেতে চায়; কিন্তু তাদের নিরাপত্তা, মর্যাদা এবং মায়ানমারের নাগরিক হিসেবে তাদের অধিকার প্রতিষ্ঠা– এসব কিছুই সম্ভব নয় আন্তর্জাতিক মহলের একটি সার্বিক উদ্যোগ ছাড়া। তার পূর্ব পর্যন্ত বাংলাদেশ তাদের সুরক্ষা, সহায়তা ও নিরাপত্তা দিয়ে যাচ্ছে। এরই অংশ হিসেবে ইতোমধ্যে নোয়াখালীর ভাসানচরে তাদের জন্য আধুনিক সুযোগ-সুবিধাসহ একটি স্বতন্ত্র আবাসস্থল নির্মাণ করা হয়েছে। সম্প্রতি রোহিঙ্গাদের একটি অংশ সেখানে স্থানান্তর করা হয়েছে। প্রত্যেক শরণার্থীর রয়েছে ব্যক্তিগত দুঃখ–কষ্ট, বঞ্চনা ও যন্ত্রণার ইতিহাস। বাংলাদেশে আশ্রিত এসব রোহিঙ্গা নিয়মিত সংগ্রাম করে যাচ্ছে মর্যাদা নিয়ে বেঁচে থাকতে। তারা আশাবাদী, একদিন তারা নিজ দেশ মায়ানমারে ফিরে যেতে পারবে। [41st BCS]

# BCS PREVIOUS YEARS' QUESTIONS

❖ মানুষের জীবন কতগুলো ঘটনার সংকলন। তবে সব ঘটনাই স্মরণীয় হয় না। যে ঘটনা স্মৃতির পাতায় সোনার অক্ষরে লেখা হয়ে যায় তা-ই স্মরণীয়। বাংলাদেশের মানুষের সবচেয়ে গৌরবময় ও স্মরণীয় ঘটনা এ দেশের মুক্তিযুদ্ধ। এই যুদ্ধের মধ্য দিয়ে আমরা লাভ করেছি স্বাধীন দেশ, নিজস্ব পতাকা। ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলার ছাত্র-যুবক, কৃষক-শ্রমিকসহ সর্বস্তরের জনগণ বর্বর পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। তারই পরিণতিতে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর জাতি অর্জন করে চূড়ান্ত বিজয়। বিশ্বের মানচিত্রে দেদীপ্যমান হয় একটি রাষ্ট্র, যার নাম স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম জাদুঘর 'মুক্তিযুদ্ধ জাদুঘর'। এই জাদুঘর তরুণ প্রজন্মের কাছে পৌঁছে দিচ্ছে আমাদের স্বাধীনতা সংগ্রামের গৌরবময় ইতিহাস। মুক্তিযুদ্ধের মূল্যবোধ ও ইতিহাসকে ভিত্তি করে সাজানো হয়েছে জাদুঘরের গ্যালারিগুলো। প্রতিটি গ্যালারি সুনির্দিষ্টভাবে ধারণ করছে মুক্তিযুদ্ধের স্মৃতিবাহী নানা স্মারক। মুক্তিযুদ্ধ জাদুঘরের কার্যক্রমে অংশ হিসেবে একটি গাড়িকে ভ্রাম্যমান জাদুঘরের রূপ দেওয়া হয়েছে। এভাবেই প্রজন্ম থেকে প্রজন্মান্তরে অমর হয়ে থাকবে এ দেশের মুক্তিযুদ্ধের গৌরবগাথা। [40th BCS]

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| **Fascinating (Adj)** | আকর্ষণীয়/ মনোরম | Charming, Interesting | Boring, Dull |
| **Facetious** | সরস | Humorous, Jocular | Solemn (গম্ভীর) |
| **Facile (Adj)** | সহজ সাধ্য | Weak, Easy, Docile, Flexible, | Sturdy, Difficult, Determined, Inflexible |
| **Facilitate (V)** | সহজতর করা | Expedite, Make easier | Hinder, Deter |
| **Facsimile** | হবহু প্রতিলিপি | Copy, Duplicate, Replica | Original, Real |
| **Familiar** | সুপরিচিত, প্রচলিত | Common, Well-known | Unknown, Unfamiliar |
| **Fanciful (Adj)** | কল্পনাপ্রিয় | Eccentric, Humorous, Capricious, Whimsical | Literal, Real, Realistic, Accurate, Truthful |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| **Fastidious** | খুঁতখুঁতে | Meticulous, Painstaking | Careless, Easygoing |
| **Fatuous** | বোকা/বোকাটে | Asinine, Inane, Silly, Idiotic | Judicious, Prudent, Sage |
| **Favoritism** | পক্ষপাতিত্ব | Partiality, Bias, Prejudice | Neutrality, Impatiality |
| **Feasible (Adj)** | বাস্তবায়ন যোগ্য | Practicable, Workable | Impossible, Impractical |
| **Feeble (Adj)** | দুর্বল/ অযোগ্য | Frail, Exhausted, Faint, Weak, Dull | Forceful, Stout, Strong, Vigorous |
| **Fertile (Adj)** | উর্বর/ ফলপ্রসূ | Productive, Fruitful, Rich, Luxuriant, Prolific, Fecund, Conducive | Unproductive, Fruitless, Barren, Sterile |
| **Fervour** | উৎসাহ | Ardor, Zeal (আকুলতা) | Apathy (উদাসীনতা) |
| **Feverish (Adj)** | অতি ব্যাকুল | Zealous, Ardent | Nonchalant |
| **Fickle** | খেয়ালি, চঞ্চল | Capricious, Fanciful, Whimsical | Firm, Steady, Unstable |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| **Fidelity (N)** | বিশ্বস্ততা | Faithfulness, Integrity, Loyalty, Honesty, Truthfulness | Infidelity, Disloyalty, Treachery, Faithlessness, Dishonesty |
| **Flamboyant** | আরম্বরপূর্ণ | Showy, Ornate | Simple (সাদামাটা) |
| **Flatter** | তোষামোদ করা | Over-Praise, Cajole | Censure (নিন্দা করা) |
| **Flaunt** | জাহির করা | Show Off, Exhibit | Conceal, Hide |
| **Flexible (Adj)** | নমনীয় | Elastic, Easy, Changeable, Yielding | Hard, Rigid, Inflexible, Tough, Stiff |
| **Flimsy** | পাতলা | Thin, Delicate, Slight, Frail | Strong, Brawny |
| **Florid (Adj)** | বর্ণোজ্জ্বল | Ornate, Flowery, Adorned | Pallid, Bare, Chaste, Unadorned |
| **Flourishing** | উন্নতি/সমৃদ্ধশীল | Prospering, Thriving | Declining, Failing |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| **Fluctuate** | ১. উঠামানা করা<br>২. মনস্থির না হওয়া | 1. Change Often<br>2. Waver, Vacillate | 1. Remain Steady<br>2. Be Resolute, Determine |
| **Folly** | মুর্খতা/বোকামি | Foolishness, Idiocy, Silliness, Stupidity, Imprudence | Prudence, Discretion (বিচক্ষণতা) |
| **Formidable (Adj)** | ভীতিকর/ দুর্দান্ত | Dreadful, Horrible | Enjoyable, Pleasant |
| **Fragile (Adj)** | ভঙ্গুর | Breakable, Brittle, Feeble, Frail, Weak, Frangible | Adhere, Persist, Stick |
| **Frightful (Adj)** | ভীতিজনক | Awful, Terrible, Dreadful, Alarming | Attractive, Beautiful, Lovely, Pleasant |
| **Frugal (Adj)** | মিতব্যয়ী | Economical, Stingy, Thrifty | Extravagant, Wasteful |
| Funereal (Adj) | শোকাবহ | Mournful, Dismal, Obsequies | Cheerful, Gay |
| **Furtive** | গোপনেকৃত/চোরা | Stealthy, Clandestine, Secret | Unconcealed, Open |
| **Futile (Adj)** | অকার্যকর/ ব্যর্থ | Ineffective, Vain | Effective, Successful |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Gay (adj) | প্রফুল্ল, লম্পট | Cheerful, Joyful, Merry, Lewd | Depressed, Glum, Mournful, Sullen |
| Gallant (adj) | সাহসী | Brave, Valiant, Valorous | Craven, Fearful |
| Gargantuan | প্রকাণ্ড | Colossal, Gigantic, Massive | Minuscule, Tiny, Minute |
| Gesture (n/ v) | অঙ্গভঙ্গী | Emblem, Omen, Symptom | (N) Explication, (V) Explicate |
| Glamorous (adj) | আকর্ষণীয় | Fascinating, Captivating, Charming | Unattractive, Dull |
| Gloom (adj) | অন্ধকার/ বিষণ্নতা | Darkness, Sadness | Light, Brightness, Joy, Happiness |
| Glut | পেট পুরে খাওয়া | Overeat, Overdose, Gorge | Starve, Diet, Fast |
| Gluttony | অতিভোজন | Voracity, Overeating | Dieting, Starving, Fasting |
| Gracious (adj) | সদয়/ বিনয়ী | Courteous, Polite | Haughty, Arrogant |
| Grandiloquent | বাগাড়ম্বরপূর্ণ | Pompous, Showy, Bombastic | Simple, Humble, Simple |
| Gratify (v) | তৃপ্ত করা | Please, Satisfy, Gladden, Reward | Displease, Dissatisfy, Disappoint, |
| Greedy (adj) | প্রচণ্ড অর্থলোভী | Money-Hungry | Generous, Benevolent |
| Gullible | বিশ্বাসপ্রবণ (এর ফলে যে সহজে ঠকে) | Credulous, Susceptible, Trusting, Dupe | Suspicious, Untrusting, Hard To Convince |
| Gregarious (adj) | মিশুক | Sociable, Friendly | Reclusive, Lonely |
| Hypocrisy (n) | ভণ্ডামী/ কপটতা | Insincerity | Candor, Sincerity |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Hackneyed | নীরস, একঘেঁয়ে | Commonplace, Banal, Trite | Novel, New, Exciting |
| Haphazard | এলোমেলো, বিশৃঙ্খলা | Random, Unmethodical, Chatic, Disorganized, Messy | Organized, Planned, Ordered, Structured |
| Harmonious (adj) | শ্রুতিমধুর | Melodious, Mellifluous, Dulcet | Harsh |
| Harmony | (মতের) মিল, সঙ্গতি | Agreement, Compatibility | Disagreement, Conflict |
| Hateful (adj) | ঘৃণাজনক | Loathsome, Abominable, Detestable | Desirable, Delightful, Pleasant |
| Haughty (adj) | উদ্ধত/ অহংকারী | Arrogant, Proud, Insolent | Ashamed, Humble |
| Hazard | বিপদ, ঝুঁকি | Danger, Risk, Peril, Threat | Protection, Safety |
| Healthful (adj) | স্বাস্থ্যকর | Beneficial, Wholesome | Deleterious |
| Heinous (adj) | ঘৃণ্য | Atrocious, Odious, Abominable, Hateful | Laudable, Praiseworthy, Justifiable |
| Heterogeneous(adj) | বিবিধ মিশ্রণ | Mixed, Motley | Homogeneous, Uniform |
| Hilarious | হাসিখুশী | Very funny, Joyous | Sad, Gloomy |
| Hinder | বাধা দেয়া | Hamper, Obstruct, Impede | Assist, Facilitate |
| Homogeneous (adj) | সমপ্রকৃতি | Uniform, All alike | Heterogeneous |
| Honorary | অবৈতনিক | Voluntary, Unpaid | Salaried, Remunerated |
| Hostile (adj) | শত্রুতাপূর্ণ / বিরোধী | Spiteful, Malicious | Friendly, Amicable |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Humane (adj) | দয়ালু | Compassionate, Forbearing | Brutal, Pitiless, Unfeeling |
| Humble (adj) | নম্র/ নিরহঙ্কার | Modest, Unassuming | Proud, Boastful |
| Humid (adj) | ভেজা | Wet, Moist, Close, Sticky, Oppressive | Dry, Arid, Parched |
| Humorous (adj) | কৌতুকপূর্ণ | Funny, Amusing | Grave, Serious |
| Husband | বুঝেশুনে খরচ করা | Conserve, Preserve, Save | Waste, Squander |
| Imitate (V) | অনুকরণ করা | Counterfeit, Duplicate | Distort, Diverge |
| Idle (Adj) | অলস | Lazy, Inactive, Indolent, Empty, Unemployed | Active, Employed, Industrious, Diligent |
| Ignoble | অসম্মানজনক/হীন | Despicable, Disgraceful | Laudable (প্রশংসনীয়) |
| Ignorant | অশিক্ষিত, মূর্খ | Uneducated, Stupid | Literate, Wise |
| Illicit (Adj) | অবৈধ নিষিদ্ধ | Unlawful, Illegal | Licit, Legal |
| Illusory | অলীক/মিথ্যা | Deceptive,(প্রতারণাময়) Illusive | Real, True, Actual |
| Immaculate | খুতহীন/নিষ্কলঙ্ক | Impeccable, Spotless, Perfect | Impure, Unclean, Dirty |
| Immense | বিশাল/বিপুল | Vast, Enornous, Massive | Small, Tiny, Minuscule |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Immutable | পরিবর্তনাতীত | Unchangeable, Unalterable | Alterable, Flexible |
| Impeccable | ১. নিখুঁত<br>২. নির্দোষ | 1. Flawless, Immaculate<br>2. Blameless, Innocent | 1. Defective, Faulty<br>2. Culpable |
| Impediment (N) | বাধা | Block, Hindrance, Obstacle | Support, Aid, Assistance, Help |
| Imperishable | অবিনশ্বর/চিরস্থায়ী | Everlasting, Durable, Enduring | Evanescent (ক্ষণস্থায়ী) |
| Imperturbable | উত্তেজিত হয় না এমন | Unexcitable, Calm, Unruffed | Perturbable |
| Impervious | অভেদ্য | Impermeable, Impenetrable | Vulnerable (ভেদ্র, জেয়া) |
| Impotent (Adj) | কৃশকায় | Feeble, Weak, Powerless, Nerveless | Powerful, Strong, Vigorous |
| Impromptu | পূর্বপ্রস্তুতিহীন | Improvised, Extemporaneous | Preplaneed, Rehearsed |
| Improvise | পূর্ব প্রস্তুতি ছাড়া করা | Perform Without Prepatation | Rehearse, Preplan |
| Imprudent | হঠকারী/বেপরোয়া | Rash, Reckless, Hasty | Judicious (বিচক্ষণ) |
| Imprudent (Adj) | অবিবেচক | Heedless, Inconsiderate, Indiscreet | Careful, Meticulous |
| Inadvertent | অনিচ্ছাকৃত | Unintentional, Accidental | Deliberate, On purpose |
| Inane | মূর্খের মত | Foolish, Senseless | Meaningful, Sensible |
| Inanimate (Adj) | প্রাণহীন/ নিস্তেজ | Insensible, Unconscious | Alive, Animate, Living, Stirring |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Incense (V) | রাগিয়ে দেওয়া | Anger, Infuriate | Pacify |
| Inception (N) | আরম্ভ | Commencement, Origin, Outset | Completion, Termination |
| Incessant (Adj) | বিরামহীন | Ceaseless, Interminable, Unceasing | Intermittent, Periodic, Sporadic |
| Incongruous (Adj) | অনুপযুক্ত | Inappropriate | Suitable |
| Incredible (Adj) | অবিশ্বাস্য | Unbelievable, Absurd | Believable, Usual |
| Inebriated | মাতাল | Drunk, Intoxicated | Sober, Abstemious |
| Indecent (Adj) | অভদ্র/ অশ্লীল | Disgusting, Lewd, Obscene | Decent, Modest, Pure, Refined |
| Indifferent (Adj) | উদাসীন/ নিরপেক্ষ | Apathetic, Neutral, Unbiased | Enthusiastic, Biased |
| Indigence (N) | দারিদ্র্য | Destitution, Penury, Poverty | Abundance, Affluence, Plenty,Wealth |
| Indigenous (Adj) | দেশীয় | Aboriginal, Inborn, Innate, Native, Home-grown | Outlandish, Foreign |
| Indispensable | অপরিহার্য | Essential, Mandatory, Binding | Unnecessary, Pointless |
| Ineluctable | অনিবার্য | Inevitable, Inexorable | Avoidable, Preventable |
| Inept | অদক্ষ, অনুপযুক্ত | Unskilled, Unsuitable | Skilled, Expert |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Inevitable (Adj) | অবশ্যম্ভাবী | Inescapable, Unavoidable | Preventable, Avoidable |
| Infidel (N) | অবিশ্বাসী | Skeptic, Unbeliever, Freethinker | Devotee, Believer, True |
| Ingenious | উদ্ভাবনে দক্ষ | Inventive, Resourceful | Maladroit, Inept |
| Ingenious (Adj) | সরল/ নির্দোষ | Candid, Frank, Sincere | Scheming, Clever |
| Ingenuous | অকপট | Frank, Candid | Tricky |
| Inimical | শত্রুভাবাপন্ন | Hostile, Antagonistic | Friendly, Amiable |
| Innate (Adj) | সহজাত | Congenital, Inborn, Inherent | Acquired, External |
| Innumerable | অত্যধিক | Excessive, Immoderate | Moderate |
| Insidious (Adj) | ছলনাপূর্ণ | Deceitful, Tricky | Ingenuous, Frank |
| Insipid (Adj) | স্বাদহীন/ একঘেঁয়ে | Tasteless, Savorless | Tasty, Palatable, Interesting |
| Insolent | উদ্ধত | Arrogant, Haughty | Respectful |
| Insolvent (Adj) | ঋণ পরিশোধে অক্ষম | Penniless, Bankrupt, Badly-off | Solvent, Moneyed, Rich, Well-off |
| Instigate | উস্কানী দেয়া | Provoke, Incite, Stimulate | Discourage, Dishearten |
| Integrity | সততা | Honesty, Probity, Uprightness | Dishonesty, Fraud |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Interpret (V) | ব্যাখ্যা করা/ অনুবাদ করা | Construe, Decipher, Decode, | Confuse, Falsity, Misconstrue |
| Intimidate (V) | ভয় দেখানো | Frighten, Daunt | Encourage |
| Intolerance | পরমত অসহিষ্ণুতা | Bigotry, Prejudice | Broad-Minded |
| Intrepid | নির্ভীক | Brave, Fearless, Dauntless | Cowardly, Craven |
| Intricate (Adj) | দুঃসাধ্য | Difficult, Complex, Complicated | Plain, Direct, Clear, Obvious |
| Ire | ক্রোধ | Anger, Fury, Rage, Wrath | Goodwill (দয়া) |
| Irregular | নিয়মবহির্ভূত | Unconventional | Usual, Normal, Uniform |
| Irrelevant (Adj) | অপ্রাসঙ্গিক | Unrelated, Impertinent | Pertinent, Germane |
| Irritable | খিটখিটে | Ill-Tempered, Peevish | Genial, Affable (অমায়িক) |
| Jargon (v) | অর্থহীন বাক্য, অপভাষা | Dialect, Phraseology | Clear, Transparent, Understandable |
| Jeer (v) | ঠাট্টা করা | Mock, Ridicule, Sneer | Encourage, Praise, Inspire, |
| Judicious (adj) | দূরদর্শিতা | Thoughtful, Sagacious, Prudent, | Unwise, Silly, Imprudent, Foolish |

# VOCABULARY

| Word | Meaning | Synonyms | Antonyms |
|---|---|---|---|
| Jumble (v) | মিশ্রিত করা | Confuse, Mix up, Shuffle, Disorganize | Arrange, Order, Organize, Separate, Sort-out |
| Justice (n) | ন্যায় বিচার | Equity, Fairness, Integrity, Impartiality | Injustice, Wrong, Partiality, Unfairness |
| Juvenile (adj) | কৈশোর | Adolescent, Youthful, Childish, Immature | Senile, Mature, Manly, Adult, Aged |
| Jeopardy (n) | বিপদ | Danger, Peril | Security, Safety |
| Jocund (adj) | হাসিখুশী | Jovial, Jolly, Cheerful | Temperate, Modest, Grave |
| Kindle (v) | উৎসাহিত করা | Ignite, Excite, Inspire | Discourage, Inanimate |
| Kinetic (adj) | গতি সম্পর্কীয় | Relating to motion, Characterized by Movement | Stagnant , Motionless |
| Kudos (n) | খ্যাতি / যশ | Praise, Glory, Honor, Status | Disrespect, Blame, Criticism |
| Keen | ১. সূক্ষ্মবুদ্ধি/চতুর<br>২. ব্যগ্র | 1. Astute, Shrewd<br>2. Eager, Enthusiastic | 1. Blunt (স্থূল বুদ্ধি)<br>2. Indifferent (উদাসীন) |
| Kernel (n) | শাঁস / শস্য | Fruit, Atom, Germ, Grain | Exterior, Outside, Periphery, |

# Lecture: 09

- ভাইয়েরা আমার,

আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি। আপনারা সবই জানেন এবং বোঝেন। আমরা আমাদের জীবন দিয়ে চেষ্টা করেছি। কিন্তু দুঃখের বিষয় আজ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুরে আমার ভাইয়ের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছে। আজ বাংলার মানুষ মুক্তি চায়, বাংলার মানুষ বাঁচতে চায়, বাংলার মানুষ তার অধিকার চায়।

- **Translation:**

My Brother,

I come before you today with a heart laden with sadness. You are aware of everything and know every bit of happenings. We have tried with our lives. And yet the sadness remains that today, in Dhaka, Chittagong, Khulna, Rajshahi and Rangpur the streets are soaked by the blood of my brothers. Today the people of Bengal desire emancipation, the people of Bengal wish to live, the people of Bengal demand that their rights be acknowledged.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ কি অন্যায় করেছিলাম? নির্বাচনের পর বাংলাদেশের মানুষ সম্পূর্ণভাবে আমাকে ও আওয়ামীলীগকে ভোট দেন। আমাদের ন্যাশনাল অ্যাসেম্বলি বসবে, আমরা সেখানে শাসনতন্ত্র তৈরি করবো এবং এদেশকে আমরা গড়ে তুলবো। এদেশের মানুষ অর্থনীতি, রাজনীতি ও সাংস্কৃতিক মুক্তি পাবে।

➲ **Translation:** What wrong have we committed? In the elections, the people of Bangladesh entrusted me and the Awami League with the totality of their electoral support. It was our expectation that the Parliament would meet, there we would frame our Constitution, that we would develop this land, that the people of this country would achieve their economic, political and cultural freedom.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ কিন্তু দুঃখের বিষয়, আজ দুঃখের সাথে বলতে হয় ২৩ বছরের করুণ ইতিহাস বাংলার অত্যাচারের, বাংলার মানুষের রক্তের ইতিহাস। ২৩ বৎসরের ইতিহাস মুমূর্ষু নর-নারীর আর্তনাদের ইতিহাস। বাংলার ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।

➲ **Translation:** But it is a matter of grief that today we are constrained to say in all sadness that the history of the past twenty three years has been the history of a persecution of the people of Bengal, a history of shedding blood of the people of Bengal. This history of the past twenty three years has been one of the agonizing cries of men and women. The history of Bengal has been a history where the people of this land have made the streets and highways of this land crimson with their blood.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ ১৯৫২ সালে রক্ত দিয়েছি। ১৯৫৪ সালে নির্বাচনে জয়লাভ করেও আমরা গদিতে বসতে পারিনি। ১৯৫৮ সালে আইয়ুব খান মার্শাল ল' জারি করে ১০ বছর পর্যন্ত আমাদের গোলাম করে রেখেছে। ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলনে ৭ জুনে আমার ছেলেদের গুলি করে হত্যা করা হয়েছে।

➲ **Translation:** We offered blood in 1952; in 1954, we won the elections and yet were not allowed to hold the power. In 1958, Ayub Khan imposed Martial Law and kept the nation in a state of slavery for ten years. On 7 June 1966, when the sons of my land rose in support of the Six-Points movement, they were mown down in gunfire.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ ১৯৬৯ সালের আন্দোলনে আইয়ুব খানের পতন হওয়ার পর যখন ইয়াহিয়া খান সাহেব সরকার নিলেন, তিনি বললেন দেশে শাসনতন্ত্র দেবেন-গণতন্ত্র দেবেন, আমরা মেনে নিলাম। তারপর অনেক ইতিহাস হয়ে গেল, নির্বাচন হলো । আমি প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সাহেবের সাথে দেখা করেছি।

➲ **Translation:** When Yahya Khan took over after Ayub Khan fell in the fury of the movement of 1969, he promised that he would give us a Constitution, give us democracy. We put our faith on him. And then history moved a long way, the elections took place. I have met president yahya Khan.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ আমি, শুধু বাংলার নয়, পাকিস্তানের মেজরিটি পার্টির নেতা হিসেবে তাকে অনুরোধ করলাম, ১৫ ফেব্রুয়ারি তারিখে আপনি জাতীয় পরিষদের অধিবেশন দেন। তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন ভুট্টো সাহেবের কথা। তিনি বললেন, প্রথম সপ্তাহের মার্চ মাসে হবে।

➲ **Translation:** I appealed to him, not just as the majority leader of Bengal but also as the majority leader of Pakistan, to convene the National Assembly on 15 February. He did not pay heed to my appeal. He listened to Mr. Bhutto. And he said that the assembly would be convened in the first week of March.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ আমি বললাম, ঠিক আছে আমরা অ্যাসেম্বলিতে বসবো। আমি বললাম অ্যাসেম্বলির মধ্যে আলোচনা করবো- এমনকি আমি এ পর্যন্তও বললাম, যদি কেউ ন্যায্য কথা বলে, আমরা সংখ্যায় বেশি হলেও একজন যদিও সে হয় তার ন্যায্য কথা আমরা মেনে নেব।

➲ **Translation:** I agreed with him and said we would sit in the parliament. I said that we would discuss matters in the assembly. I even went to the extent of suggesting that despite our being in a majority, if anyone proposes anything that is legitimate and right, we would accept his proposal.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ ভুট্টো সাহেব এখানে এসেছিলেন, আলোচনা করলেন। বলে গেলেন যে, আলোচনার দরজা বন্ধ নয়, আরো আলোচনা হবে। তারপর অন্যান্য নেতাদের সাথে আমরা আলোচনা করলাম-আপনারা আসুন, বসুন, আমরা আলাপ করে শাসনতন্ত্র তৈরি করবো।

➲ **Translation:** Mr. Bhutto came here. He held negotiations with us, and when he left, he said that the door is not closed, that more discussions would take place. After that, I spoke to other political leaders. I told them to join me in deliberations so that we could give shape to a Constitution for the country.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

➲ তিনি বললেন, পশ্চিম পাকিস্তানের মেম্বাররা যদি এখানে আসে তাহলে কসাইখানা হবে অ্যাসেম্বলি। তিনি বললেন, যে যাবে তাকে মেরে ফেলা হবে, যদি কেউ অ্যাসেম্বলিতে আসে তাহলে পেশোয়ার থেকে করাচী পর্যন্ত দোকান জোর করে বন্ধ করা হবে। আমি বললাম, অ্যাসেম্বলি চলবে। তারপর হঠাৎ ১ তারিখে অ্যাসেম্বলি বন্ধ করে দেয়া হলো।

➲ **Translation:** Mr. Bhutto said that if members elected from West Pakistan came here, the Assembly would turn into a slaughter house, and abattoir. He warned that anyone who would join the Assembly would end up losing his life. He issued dreadful warnings of closing down all the shops from Peshawar to Karachi if the Assembly Session went ahead. I said that the Assembly Session would go ahead. And then, Suddenly, on the first on March the Assembly Session was called off.

# TRANSLATION: BANGLA TO ENGLISH

